

## 💵 মুমিনের দু'আ

## বিভাগ/অধ্যায়ঃ দু'আসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ডা. মুহাম্মদ আবুবকর সিদ্দিক (সংকলক)

## দু'আ কবুলের উত্তম সময় ও স্থান

- ১. সালাতে সিজদায় এবং শেষ বৈঠকে তাশাহহুদের পর।
- ২. কদরের রাতে ও আরাফার দিনে।
- ৩. রমাদান মাসে দু'আ করা।
- ৪. আযানের সময়, আযান ও ইকামতের মধ্যকার সময় এবং যুদ্ধের সময়।
- ৫. জুমু'আর দিনে ইমামের মিম্বরে বসা হতে সালাত শেষ হওয়া পর্যন্ত সময়।
- ৬. শেষ রাতে এবং ফর্য সালাতের পর।
- ৭. বৃষ্টির সময়।
- ৮. কারও মৃত্যুর পর মানুষের দু'আ।
- ৯. পবিত্র হয়ে ঘুমানোর পর রাতে উঠে দু'আ করা।
- ১০. অনুপস্থিত মুসলিম ভাইয়ের জন্য দু'আ করা।
- ১১. যুলুমকারীর উপর মাযলুমের দু'আ।
- ১২. সন্তানের জন্য পিতা-মাতার দু'আ।
- ১৩. মুসাফিরের দু'আ।
- ১৪. সিয়াম পালনকারীর ইফতারের সময় দু'আ।
- ১৫. বিপদগ্রস্ত ব্যক্তির দু'আ।
- ১৬. ন্যায়পরায়ণ শাসকের দু'আ।
- ১৭. ছোট ও মধ্য জামরায় কঙ্কর নিক্ষেপের দু'আ।
- ১৮. কা'বার ভেতরে দু'আ করা।
- ১৯. সাফা-মারওয়া পাহাড়ের উপর দু'আ করা।
- ২০. আল্লাহর রাস্তায় (জিহাদ) সৈন্যদের অগ্রসর হওয়ার সময়।

মূলত মুমিন ব্যক্তি যেখানেই থাকুক যে অবস্থাতেই থাকুক সদা-সর্বদা আল্লাহর নিকট বিনয়ের সাথে দু'আ করবে। তবে উল্লিখিত সময়, স্থান ও অবস্থা বিশেষভাবে গুরুত্বপূর্ণ।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=14999

<u>্র</u> হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন